---

**শিবরাত্রি ব্রতপূজাপদ্ধতি ( সংক্ষিপ্ত)**

<--- অর্ঘ্য --->

চন্দন, জল, পুষ্প, আতপ চাল, কুশ, তিল, দূর্বা, সরিষা, যব।

<--- পঞ্চামৃত বা মধুপর্ক --->
দধি, দুধ, ঘৃত, মধু, দেশী চিনি, একসঙ্গে মিশ্রিত করে মধুপর্ক তৈরি করা হয়।

----- মধুপর্ক শোধন মন্ত্র :-----
ওঁ মধু বাতা ঋতায়তে মধু ক্ষরন্তি সিন্ধবঃ।
মাধ্বীর্নঃ সন্তোষধীঃ।।
ওঁ মধু নক্ত সু তো ষ সো। মধু মৎ পার্থিবং রজঃ।
মধু দ্যৌ রস্তু নঃ পিতা।
ওঁ মধুমান্নো বনস্পতি স্মধুমান অন্তু সূর্যঃ
মাধ্বীগা ভবন্তু নঃ।।

ওঁ মধু ওঁ মধু ওঁ মধু

------- ---------

----- অগ্নি জ্বালাবার মন্ত্র :-----
ওঁ অগ্নিমিলে পুরোহিতং যজ্ঞস্য দেব মৃত্বিজম্।
হোতারং রত্নধাতম্।।

----- দীপ জ্বালাবার মন্ত্র :-----
ওঁ সুপ্রকাশো মহাদীপ সর্বতস্তিমীরাপহঃ
সবাহ্য অভ্যন্তর জ্যোতি দীপ হয়ং প্রতি গৃহ্যতাম।
ইতি দীপ।।

-----ধূপ জ্বালাবার মন্ত্র :-----
ওঁ বনস্পতি রসো দিব্যো গন্ধাতোঃ সুমনোহরঃ
আঘ্রেয়ঃ সর্বদেবানং ধূপো হয়ং প্রতি গৃহ্যতাম।
ইতি ধূপ।।

------- ---------

<--- গোপীচন্দন শুদ্ধি এবং মৃত্তিকা শুদ্ধি --->

ওঁ অশ্বক্রান্তে রথক্রান্তে বিষ্ণুক্রান্তে বসুন্ধরে।
মৃত্তিকা হরমে পাপং যন্ময়া দুস্কৃতং কৃতম।।
নমোঃ মাধবো মাধবো বাচি মাধবো মাধবো হৃদি।
স্মরন্তি সাধবঃ সর্ব সর্বকার্যেষু মাধবঃ নমঃ শ্রী মাধবঃ॥
ওঁ বিষ্ণু ওঁ বিষ্ণু ওঁ বিষ্ণু

------- ---------

Published on: Feb, 12 2023 09:54

<--- আচমন --->

প্রথমে মুখে জলের তিনবার ছিটা দিয়ে ও মুখে হাত দিয়ে মুছে আচমন করিবে।
তারপর তর্জনী, মধ্যমা ও বৃদ্ধাঙ্গুলি মিলিত করে মুখ স্পর্শ করিবে।
বৃদ্ধাঙ্গুলি ও তর্জনী দ্বারা নাসিকা স্পর্শ করিবে।
বৃদ্ধাঙ্গুলি ও অনামিকা দ্বারা চক্ষুদ্বয় ও পরে কর্ণদ্বয় স্পর্শ করিবে।
বৃদ্ধাঙ্গুলি ও কনিষ্ঠা দ্বারা নাভিদেশে স্পর্শ করিবে।
হস্তদল দ্বারা হৃদয় স্পর্শ করিবে।
সমস্ত অঙ্গুলীর দ্বারা মস্তক স্পর্শ করিবে।
অঙ্গুলীর অগ্রভাগ দ্বারা বাহুদ্বয় স্পর্শ করিবে।
এবং শুচি হইবে ।

-----[উপরোক্ত সমস্ত কাজটি বিষ্ণুস্মরণ করিতে করিতে করতে হবে]-----

----- বিষ্ণুস্মরণ মন্ত্র :-----
ওঁ বিষ্ণুঃ ওঁ বিষ্ণুঃ ওঁ বিষ্ণুঃ
ওঁ তদবিষ্ণু পরমং পদম্
সদা পশ্যন্তি সুরয়ঃ
দিবীব চক্ষুরাততম্ ।।

□ পরে হাত জোড় করে :-----

ওঁ শঙ্খ চক্র ধরং বিষ্ণু
দ্বিভুজং পীত বাসসম্।

নমঃ অপবিত্র পবিত্রো বা
সর্বাবস্থাং গতোহপি বা ।
যঃ স্মরেৎ পুণ্ডরীকাক্ষং
স বাহ্য অভ্যন্তরঃ শুচিঃ

নমঃ সর্বমঙ্গল মঙ্গল্যং বরেণ্যং বরদং শুভম্ ।
নারায়ণং নমস্কৃত্য সর্বকর্মাণী কারয়ে ।।

নমোঃ মাধবো মাধবো বাচি মাধবো মাধবো হৃদি।
স্মরন্তি সাধবঃ সর্ব সর্বকার্যেষু মাধবঃ নমঃ শ্রী মাধবঃ॥
-------　　　--------

" বং এতেভ্য গন্ধাদিভ্য নমঃ " ( এই মন্ত্রে ৩ বার ফুল ও চন্দনে জলের ছিটা দাও )

<----- স্বস্তি বাচন ----->

ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ ।
স্বস্তি নস্তার্ক্ষ্যো অরিষ্টনেমিঃ স্বস্তি নো বৃহস্পতিদধাতু।
ওঁ গণানাং ত্বা গণপতি হিঁং হবামহে
ওঁ প্রিয়াণাং ত্বা প্রিয়পতি হিঁং হবামহে

ওঁ নধিনিাং ত্বা নধিপিতি হিং হবামহে। বসো মম॥
ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি

<----- সুক্ত মন্ত্র ----->

ওঁ দবেো বো দ্রবণিোদাঃ পূর্ণাং ববিষ্ট্বাসচিম্।
উদ্বা সঞ্চিধ্বমুপ বা পৃণধ্বমাদদ্বিো দবে ওহতে॥
ওঁ অয়মারম্ভ শুভায় ভবতু।

<----- আসন শুদ্ধি ----->

আসনরে নচিে ভূমতিে ত্রকিোণ মন্ডল আঁকয়িা পরে একটি ফুল নয়িে বলবিে :---

মন্ত্র:--- ওঁ হ্রীং আধার শক্তয়ে কমলাসনায় নমঃ

পরে আসনে একটি গন্ধ পুষ্প দয়িা বলবিে :---

মন্ত্র:--- 'ওঁ আসন মন্ত্রস্য মরেু পৃষ্ঠ ঋষিঃ সুতলং ছন্দঃ কূৰ্ম্মো দবেতা আসনোপবশেনে বনিয়িোগঃ।'
'ওঁ পৃথ্বি ত্বয়া ধৃতা লোকাঃ দবেি ত্বং বষ্ণিুনা ধৃতা।
ত্বঞ্চ ধারয় মাং নত্যিং পবত্রিং কুরু চাসনম ॥'

পরে হাত জোড়ে বামদকিে ঝুঁকে বলবিে :---

মন্ত্র:--- ওঁ গুরুভ্যো নমঃ ওঁ পরম গুরুভ্যো নমঃ
ওঁ পরাপর গুরুভ্যো নমঃ ওঁ সশক্তি গুরুভ্যো নমঃ
ওঁ পরমষে্টি গুরুভ্যো নমঃ
_______ ________

দক্ষণি দকিে ঝুঁকে বল:--- ওঁ গনশোয় নমঃ
মাথার ওপরে :--- ও ব্রহ্মণে নমঃ
নচিরে দকিে :--- ওঁ অনন্তায় নমঃ
বুকরে কাছে:--- ও নারায়ণায় নমঃ ওঁ সত্য নারায়ণায় নমঃ

<----- কর শুদ্ধি ----->

একটি রক্ত বর্ণ পুষ্প গ্রহণ করয়িা ওঁ মন্ত্রে কর দ্বারা পষেণ করয়িা "হে সৌ" মন্ত্রে ঐ পুষ্প ঈশান কোণে ফলেবিে ।

<----- করন্যাস ----->

আং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ [ উভয়হস্তরে তর্জ্জনী অঙ্গুলী দ্বারা উভয় হস্তরে অঙ্গুষ্ঠ স্পর্শ করবিে]

ঈং তর্জ্জনীভ্যাং স্বাহা [ অঙ্গুষ্ঠদ্বারা উভয় হস্তরে তর্জ্জনী স্পর্শ করবিে]

উং মধ্যমাভ্যাং বষট্ [ অঙ্গুষ্ঠদ্বারা উভয় হস্তরে মধ্যমা স্পর্শ করবিে]

ঐং অনামিকাভ্যাং হূং  [ অঙ্গুষ্ঠদ্বারা উভয় হস্তের অনামিকা স্পর্শ করিবে]

ঔং কনিষ্ঠাভ্যাং বৌষট্  [ অঙ্গুষ্ঠদ্বারা উভয় হস্তের কনিষ্ঠা স্পর্শ করিবে]

অঃ করতল পৃষ্ঠাভ্যা মন্ত্রায় ফট্  [ তর্জ্জনী ও মধ্যমা অঙ্গুলির দ্বারা বাম হস্তের তলদেশে করতল ধ্বনি করিবে]

<----- অঙ্গন্যাস ----->

আং হৃদয়ায় নমঃ।  ঈং শিরসে স্বাহা।
উং শিখায়ৈ বষট্।  ঐং কবচায় হূং।
ঔং নেত্রাভ্যাং বৌষট্।  অঃ করতল পৃষ্ঠাভ্যা মন্ত্রায় ফট্।

[ তর্জ্জনী ও মধ্যমা দ্বারা বাম হস্তের তলদেশে বেষ্টন করিয়া করতল ধ্বনি করিবে। ]
_______  ________

<----- পুষ্প শুদ্ধি ----->

পুষ্প পাত্রে হাত রেখে বল:---

মন্ত্র :--- ওঁ পুষ্পে পুষ্পে মহাপুষ্পে সুপুষ্পে পুষ্প সম্ভবে। পুষ্প চয়াবকীর্ণে চ হূং ফট্ স্বাহা॥

<----- ভূমি শুদ্ধি ----->

গন্ধ পুষ্প ভূমিতে ফেলিতে ফেলিতে বলিবে:-

মন্ত্র :--- ওঁ আঁধার শক্তয়ে নমঃ
ওঁ কূর্ম্মায় নমঃ
ওঁ অনন্তায় নমঃ
ওঁ পৃথিব্যৈ নমঃ

এবার ' ফট ' বলিয়া পাত্র ধুবে । পরে ত্রিকোণ মন্ডল আঁকিয়া তাম্র পাত্রটি রাখিবে । পাত্রটি রাখার পর ওঁ মন্ত্র বলিয়া পাত্রে জল দিবে । এবং ফুল দিয়ে মন্ত্র বলিতে বলিতে পূজা করিবে।

মন্ত্র :--- ওঁ মং বহ্নিমন্ডলায় দশ কলাত্মনে নমঃ
অং সূর্য মন্ডলায় দ্বাদশ কলাত্মনে নমঃ
উং সোম মন্ডলায় ষোড়শ কলাত্মনে নমঃ

---(উপরোক্ত পদ্ধতির দ্বারা কোষাকুশী শুদ্ধ করিতে হবে)---

<----- জল শুদ্ধি ----->

একটি ত্রিকোণ মণ্ডল আঁকিয়া তার উপর একটি চতুষ্কোণ আকিয়া কোষায় জল ভরিয়া ও

চন্দনযুক্ত ফুল ও বিল্ব পত্র দিয়া অঙ্কুশ মুদ্রার দ্বারা জল স্পর্শ করিয়া বল :-

মন্ত্র :--- ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি।
নর্মদে সিন্ধু কাবেরি জলে হস্মিন্ সন্নিধিং কুরু ।।

-------      --------

' ওঁ ' মন্ত্রে জলে গন্ধ পুষ্প দিয়া 'বং' মন্ত্রে ধেনুমুদ্রা দেখাইয়া মৎস মুদ্রা দ্বারা ঢাকিয়া নিজের " বীজ মন্ত্র " দশবার জপ করিবে।

জল শুদ্ধির পর ঐ জল বিল্বপত্র দ্বারা পূজোর
উপাচারে ও নিজের মাথায় ছিটাইবে ।

<----- ভূতাপসারণ ----->

এই মন্ত্র বলার সময় শ্বেত সরিষা অথবা আতপ চাল মাথার চারদিকে ছড়াইবে।
মন্ত্র :--- ওঁ অপসর্পন্তু তে ভূতাঃ যে ভূতাঃ ভূমি সংস্থিতাঃ ।
যে ভূতা বিঘ্ন কর্তারস্তে নশ্যন্তু শিবজ্ঞয়া ।।

এবার মস্তকের উপর তিনবার "ফট" মন্ত্রে করতালি দিয়া
ভূত অপসারণ ও "তুড়ি" দিয়া দশদিক বন্ধন করিবে।

<----- ভূত শুদ্ধি ----->

নিজের চারদিকে জলধারা দিয়া 'বং' মন্ত্র উচ্চারন করিয়া হাত জোড় হাত করে বল :------

মন্ত্র :--- ওঁ মূল শৃঙ্গাটাচ্ছিরিঃ সুষুম্না পথেন জীব শিবং পরম শিব পদে যোজয়ামি স্বাহা। ওঁ যং লিঙ্গ শরীরং শোষয় শোষয় স্বাহা। ওঁ রং সংকোচং শরীরং দহ দহ স্বাহা। ওঁ পরম শিব সুষুম্না পথেন মূল শৃঙ্গাট মূল্ল সোল্লস জ্বল জ্বল প্রজ্বল প্রজ্বল হংস সোহহং স্বাহা।

<----- প্রাণায়াম ----->

ডান হাতের অঙ্গুষ্ট দ্বারা ডান নাক বন্ধ করে 'ওঁ নমঃ শিবায়' বা 'ওঁ' মন্ত্রে 'চার' বার জপ করিতে করিতে বা নাকে শ্বাস নিবে। তারপর ১৬ বার জব করতে করতে শ্বাস রুদ্ধ রাখবে। পরে ৮ বার জপ করতে করতে শ্বাস ত্যাগ করবে। এইরকম তিনবার করতে হবে।

-------      --------

<----- সুর্যার্ঘ্য ----->

কুশীর মধ্যে দূর্বা চন্দন পুষ্প জল বেলপাতা দু হাতে ধরে বলবে:---

মন্ত্র :--- ওঁ বিবস্বতে ব্রাহ্মণ ভাস্বতে বিষ্ণু তেজসে জগৎ সবিত্রে শুচয়ে সবিত্রে কর্মদায়িতে।
ইদমর্ঘং ওঁ নমো ভগবতে শ্রী সূর্যায় নমঃ।।

ওঁ এহি সূর্য্য সহস্রাংশে তেজোরাসে জগৎপতে। অনুকম্পায় মাং ভক্তং গৃহাণার্ঘং দিবাকর ॥

জল তাম্র পাত্রে ফেলে দিয়ে হাত জোড় করে বল :---

ওঁ জবা কুসুম সঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিম্ ।
ধ্বান্তারিং সর্ব পাপঘ্নং প্রণতোহস্মি দিবাকরম্।।

<----- দ্বারদেবতা পূজা ----->

পুষ্প নিয়ে - " এতে গন্ধে পুষ্পে ওঁ দ্বারদেবতাভ্যোঃ নমঃ "
বলিয়া পুষ্প দ্বারে ফেলিবে। ---

এতে গন্ধ পুষ্পে ওঁ ব্রাহ্মণে নমঃ
এতে গন্ধ পুষ্পে ওঁ বাস্তু পুরুষায় নমঃ

<----- পঞ্চ দেবতার পূজা ----->

এতে গন্ধ পুষ্পে ওঁ গনেশায় নমঃ। ( তাম্র পাত্রে পুষ্প দাও )
এতে গন্ধ পুষ্পে ওঁ সূর্যায় নমঃ। ( তাম্র পাত্রে পুষ্প দাও )
এতে গন্ধ পুষ্পে ওঁ বিষ্ণবে নমঃ। ( তাম্র পাত্রে পুষ্প দাও )
এতে গন্ধ পুষ্পে ওঁ শিবায় নমঃ। ( তাম্র পাত্রে পুষ্প দাও )
এতে গন্ধ পুষ্পে ওঁ দুর্গায় নমঃ। ( তাম্র পাত্রে পুষ্প দাও )
এতে গন্ধ পুষ্পে ওঁ শ্রী গুরুবে নমঃ। ( তাম্র পাত্রে পুষ্প দাও )
এতে গন্ধ পুষ্পে ওঁ ওঁ আদিত্যাদি নবগ্রহেভ্যো নমঃ ( তাম্র পাত্রে পুষ্প দাও )
এতে গন্ধ পুষ্পে ওঁ ইন্দ্রাদি দশদিকপালেভ্যো নমঃ ( তাম্র পাত্রে পুষ্প দাও )
এতে গন্ধ পুষ্পে ওঁ সর্বদেবে দেবীভ্যোঃ নমঃ ( তাম্র পাত্রে পুষ্প দাও )
এতে গন্ধ পুষ্পে ওঁ পিতৃ লোকেভৈঃ নমঃ ( তাম্র পাত্রে পুষ্প দাও )
এতে গন্ধ পুষ্পে ওঁ সর্ব ঋষি লোকেভৈঃ নমঃ ( তাম্র পাত্রে পুষ্প দাও )
------- --------

(প্রতি প্রহরে মৃত্তিকা দ্বারা নুতন নুতন মূর্তি তৈরি করে মূর্তিন্যাস করতে হবে -)

<----- মূর্তিন্যাস ----->
অঙ্গুষ্ঠ যোগে তর্জনী দ্বয়ে - নং তৎপুরুষায় নমঃ। কেমন
অঙ্গুষ্ঠ যোগে মধ্যমা দ্বয়ে - মং অঘোরায় নমঃ। দ্বিতীয়
অঙ্গুষ্ঠ যোগে কনিষ্ঠা দ্বয়ে - শিং সদ্যজাতায় নমঃ। চতুর্থ
অঙ্গুষ্ঠ যোগে অনামিকা দ্বয়ে - বাং বামদেবতায় নমঃ। তৃতীয়
তর্জনী যোগে অঙ্গুষ্ঠ দ্বয়ে - য়ং ঈশানায় নমঃ। প্রথম

<----- পূজার সংকল্প ----->
কোষাকুশীতে হরিতকি ফুল চন্দন দুর্গা ধান যব আতপ চাল নিয়ে উত্তর অথবা পূর্ব দিক কোণে ধারণ করে বলতে হবে।

ওঁ বিষ্ণুরোম্ তৎ সদ্ অদ্য ফাল্গুন মাসি কুম্ভ রাশিস্থ ভাস্করে কৃষ্ণপক্ষে শিব চতুর্দ্দশ্যাং তিথৌ __ গোত্র __ নাম শিবলোক প্রাপ্তি কামঃ যথা শক্ত্যু পচারনাং শিব পূজা

তদ্ ব্রতকথা পাঠ জাগরনোপেবাস কর্ম্মাহং করষি্যে।

<----- শবিরে ধ্যান ----->

ওঁ ধ্যায়েন্নত্যিং মহশেং
রজতগরিনিভিং চারুচন্দ্রাবতংসম।
রত্নাকল্পোজ্জ্বলাঙ্গং পরশুমৃগবরা ভীতি হস্তং প্রসন্নম্। পদ্মাসীনং সমস্তাং স্তুত মমরগণৈ ব্যাঘ্রকৃত্তিং বসানম।
বশি্বাদ্যং বশি্ববীজং নখিলিভয়হরং পঞ্চবক্রম ত্রনিত্রেম্।।
-------          --------

------ [[[ প্রথম প্রহর ]]] ------

<----- শবি পূজা ----->

১. এতদ পাদ্যং ওঁ নমঃ ঈশানায় নমঃ। (তাম্র পাত্রে জল দাও)
২. ওঁ শবিরাত্রি ব্রতং দবে পূজা জপ পরায়ণঃ ।
   করোমি বধিবিদ্দত্তং গৃহাণার্ঘ্যং মহশে্বরঃ।।
   (তাম্র পাত্রে অর্ঘ দবি)
৩. ইদম্ আচমনীয়ং জলং ওঁ নমঃ ঈশানায় নমঃ।। (তাম্র পাত্রে জল দাও)
৪. এস মধুপর্ক ওঁ নমঃ ঈশানায় নমঃ।। (তাম্র পাত্রে মধুপর্ক দাও)

৫. দুগ্ধ দ্বারা স্নান করাইতে করাইতে বল ---->
মন্ত্র :--- ইদং স্নানীয়ং দুগ্ধং ওঁ ঈশানায় নমঃ।

□ এস গন্ধ ওঁ নমঃ ওঁ ঈশানায় নমঃ। (তাম্র পাত্রে জলরে ছটিা দাও)
□ এতদ পুষ্পং ওঁ নমঃ ওঁ ঈশানায় নমঃ। (তাম্র পাত্রে পুষ্প দাও)
□ এস ধূপ ওঁ নমঃ ওঁ ঈশানায় নমঃ। (ধূপ আরতরি মতো দখোও)
□ এস দীপ ওঁ নমঃ ওঁ ঈশানায় নমঃ। (দীপ আরতরি মতো দখোও)
□ এস বস্ত্র ওঁ নমঃ ওঁ ঈশানায় নমঃ। (বস্ত্র আরতরি মতো দখো)
□ এস জলশঙ্খ ওঁ নমঃ ওঁ ঈশানায় নমঃ। (জলশঙ্খ আরতরি মতো দখোও)
□ এস চামর ওঁ নমঃ ওঁ ঈশানায় নমঃ। (চামর আরতরি মতো দখোও)

<----- পুষ্পাঞ্জলি ----->

'এস সচন্দন বলি্বপত্র পুষ্পাঞ্জলি ওঁ নমঃ ঈশানায় নমঃ।
(৩ বার)

<----- ভোগ নবিদেন ----->

ওঁ বং এতস্মৈ সোপকরণান্নায় নমঃ (ভোগ থালার উপর জলরে ছটিা দাও)

এতে গন্ধ পুষ্পে ওঁ এতস্মৈ সোপকরণান্নায় নমঃ (ভোগ থালার উপর পুষ্প দাও)

ওঁ অমৃতোপস্তরণমস িস্বাহা (তাম্র পাত্রে জল দাও)

ইদম্ আচমনীয়ং জলং ওঁ নমঃ শিবায় নমঃ (তাম্র পাত্রে জল দাও)

ইদম্ পানার্থ জলং ওঁ নমঃ শিবায় নমঃ (গ্লাসে জল দাও)

এতে গন্ধ পুষ্পে এষ সোপকরণ ফলং মিষ্টি নৈবেদ্য ওঁ সরস্বত্যৈ নমঃ (ফল মিষ্টি তে পুষ্প দাও)

এস সোপকরণ ফলং মিষ্টি নৈবেদ্যং পঞ্চ প্রাণে স্বাহা
ওঁ নমঃ শিবায় নমঃ ।

( বাম হাতটিকে গ্লাসের মতো করে অন্য হাতে কুশীতে জল নিয়ে নৈবেদ্যের থালার উপর দিতে হবে । তারপর ১০ বার জপ কর )--->
'' ইদম পুনরাচমনীয়ং ওঁ নমঃ শিবায় নমঃ । (তাম্র পাত্রে জল দাও)

<----- প্রণাম ----->

ওঁ নমঃ শিবায় শান্তায় কারণত্ৰয় হেতবে।
নিবেদয়ামি চাত্মানং ত্বং গতিঃ পরমেশ্বর॥
অবিঘ্নেনে ব্রতং দেবে ত্বৎ প্রসাদাত সমর্পিতং।
ক্ষমস্ব জগতাং নাথ ত্রৈলোক্যাধিপতে হর॥
যন্ময়াদ্য কৃতং পুণ্যাং তদ্রুদ্রস্য নিবেদিতং।
ত্বৎপ্রসাদ্যন্ময়া দেবে ব্রতমদ্য সমাপিতং॥
প্রসন্নো ভব মে শ্ৰীমন্ মদ্ভক্তিঃ প্রতিপাদ্যতাং ।
তদালোকনে মাত্রেণে পবিত্রোহষ্মি নিঃ সংশয়ঃ।।

------- --------

------ [[[ দ্বিতীয় প্রহর ]]] ------

<----- শিব পূজা ----->

১. এতদ পাদ্যং ওঁ নমঃ অঘোরায় নমঃ ।। (তাম্র পাত্রে জল দাও)
২. ওঁ নমঃ শিবায় শান্তায় সর্ব্বপাপহরায় চ ।
শিবরাত্রৌ দদমর্ঘ্যং প্রসীদ উমায় সহ ।। (তাম্র পাত্রে অর্ঘ দিবে)
৩. ইদম্ আচমনীয়ং জলং ওঁ নমঃ অঘোরায় নমঃ ।। (তাম্র পাত্রে জল দাও)
৪. এস মধুপর্ক ওঁ নমঃ অঘোরায় নমঃ ।। (তাম্র পাত্রে মধুপর্ক দাও)

৫. দধি দ্বারা স্নান করাইতে করাইতে বল ---->
মন্ত্র :--- ইদং স্নানীয়ং দধিং ওঁ নমঃ অঘোরায় নমঃ।।

- এস গন্ধ ওঁ নমঃ অঘোরায় নমঃ। (তাম্র পাত্রে জলের ছিটা দাও)
- এতদ পুষ্পং ওঁ নমঃ অঘোরায় নমঃ। (তাম্র পাত্রে পুষ্প দাও)
- এস ধূপ ওঁ নমঃ অঘোরায় নমঃ। (ধূপ আরতির মতো দেখাও)
- এস দীপ ওঁ নমঃ অঘোরায় নমঃ। (দীপ আরতির মতো দেখাও)
- এস বস্ত্র ওঁ নমঃ অঘোরায় নমঃ। (বস্ত্র আরতির মতো দেখো)
- এস জলশঙ্খ ওঁ নমঃ অঘোরায় নমঃ। (জলশঙ্খ আরতির মতো দেখাও)
- এস চামর ওঁ নমঃ অঘোরায় নমঃ। (চামর আরতির মতো দেখাও)

<----- পুষ্পাঞ্জলি ----->

'এস সচন্দন বিল্বপত্র পুষ্পাঞ্জলি ওঁ নমঃ অঘোরায় নমঃ।
(৩ বার)

<----- ভোগ নিবেদন ----->

ওঁ বং এতস্মৈ সোপকরণান্নায় নমঃ (ভোগ থালার উপর জলের ছিটা দাও)

এতে গন্ধ পুষ্পে ওঁ এতস্মৈ সোপকরণান্নায় নমঃ (ভোগ থালার উপর পুষ্প দাও)

ওঁ অমৃতোপস্তরণমসি স্বাহা (তাম্র পাত্রে জল দাও)

ইদম্ আচমনীয়ং জলং ওঁ নমঃ শিবায় নমঃ (তাম্র পাত্রে জল দাও)

ইদম্ পানার্থ জলং ওঁ নমঃ শিবায় নমঃ (গ্লাসে জল দাও)

এতে গন্ধ পুষ্পে এষ সোপকরণ ফলং মিষ্টি নৈবেদ্য ওঁ সরস্বত্যৈ নমঃ (ফল মিষ্টিতে পুষ্প দাও)

এস সোপকরণ ফলং মিষ্টি নৈবেদ্যং পঞ্চ প্রাণে স্বাহা
ওঁ নমঃ শিবায় নমঃ ।

( বাম হাতটিকে গ্লাসের মতো করে অন্য হাতে কুশীতে জল নিয়ে নৈবেদ্যের থালার উপর দিতে হবে । তারপর ১০ বার জপ কর )--->
'' ইদম  পুনরাচমনীয়ং   ওঁ নমঃ শিবায় নমঃ ।  (তাম্র পাত্রে জল দাও)

<----- প্রণাম ----->

ওঁ নমঃ শিবায় শান্তায় কারণত্রয় হেতবে।
নিবেদয়ামি চাত্মানং ত্বং গতিঃ পরমেশ্বর॥
অবিঘ্নেন ব্রতং দেব ত্বৎ প্রসাদাত সমর্পিতং।
ক্ষমস্ব জগতাং নাথ ত্রৈলোক্যাধিপতে হর॥
যন্ময়াদ্য কৃতং পুণ্যাং তদ্রুদ্রস্য নিবেদিতং।
ত্বৎপ্রসাদ্যন্ময়া দেব ব্রতমদ্য সমাপিতং॥
প্রসন্নো ভব মে শ্রীমন্ মদ্ভক্তিঃ প্রতিপাদ্যতাং ।
তদালোকেন মাত্রেণ পবিত্রোহষ্মি নঃ সংশয়ঃ।।
-------         --------

------ [[[ তৃতীয় প্রহর ]]] ------

<----- শিব পূজা ----->

১. এতদ পাদ্যং ওঁ নমঃ বাম দেবায় নমঃ ।।   (তাম্র পাত্রে জল দাও)
২. ওঁ দুঃখ দারিদ্র্য শোকেন দগ্ধোহহং পার্বতী প্রিয়।
শিবরাত্রৌ দদাম্যর্ঘ্যং উমাকান্ত গৃহাণ মে।।  (তাম্র পাত্রে অর্ঘ দিবে)
৩. ইদম্ আচমনীয়ং জলং ওঁ নমঃ বাম দেবায় নমঃ ।। (তাম্র পাত্রে জল দাও)

৪. এস মধুপর্ক ওঁ নমঃ বাম দবোয. নমঃ ।। (তাম্র পাত্রে মধুপর্ক দাও)

৫. ঘৃত দ্বারা স্নান করাইতে করাইতে বল ---->
মন্ত্র :--- ইদং স্নানীয়ং ঘৃতং ওঁ নমঃ বাম দবোয. নমঃ।।

□ এস গন্ধ ওঁ নমঃ বাম দবোয. নমঃ। (তাম্র পাত্রে জলরে ছটিা দাও)
□ এতদ পুষ্পং ওঁ নমঃ বাম দবোয. নমঃ। (তাম্র পাত্রে পুষ্প দাও)
□ এস ধূপ ওঁ নমঃ বাম দবোয. নমঃ। (ধূপ আরতরি মতো দখোও)
□ এস দীপ ওঁ নমঃ বাম দবোয. নমঃ। (দীপ আরতরি মতো দখোও)
□ এস বস্ত্র ওঁ নমঃ বাম দবোয. নমঃ। (বস্ত্র আরতরি মতো দখো)
□ এস জলশঙ্খ ওঁ নমঃ বাম দবোয. নমঃ। (জলশঙ্খ আরতরি মতো দখোও)
□ এস চামর ওঁ নমঃ বাম দবোয. নমঃ। (চামর আরতরি মতো দখোও)

<----- পুষ্পাঞ্জলি ----->

'এস সচন্দন বল্বিপত্র পুষ্পাঞ্জলি ওঁ নমঃ বাম দবোয. নমঃ।
(৩ বার)

<----- ভোগ নবিদেন ----->

ওঁ বং এতস্মৈ সোপকরণান্নায. নমঃ (ভোগ থালার উপর জলরে ছটিা দাও)

এতে গন্ধ পুষ্পে ওঁ এতস্মৈ সোপকরণান্নায. নমঃ (ভোগ থালার উপর পুষ্প দাও)

ওঁ অমৃতোপস্তরণমসি স্বাহা (তাম্র পাত্রে জল দাও)

ইদম্ আচমনীয়ং জলং ওঁ নমঃ শবিায. নমঃ (তাম্র পাত্রে জল দাও)

ইদম্ পানার্থ জলং ওঁ নমঃ শবিায. নমঃ (গ্লাসে জল দাও)

এতে গন্ধ পুষ্পে এষ সোপকরণ ফলং মষ্টিান্নবৈদ্যে ওঁ সরস্বত্যৈঃ নমঃ (ফল মষ্টিান্নতে পুষ্প দাও)

এস সোপকরণ ফলং মষ্টিান্নবৈদ্যিং পঞ্চ প্রাণে স্বাহা
ওঁ নমঃ শবিায. নমঃ ।

( বাম হাতটকিে গ্লাসরে মতো করে অন্য হাতে কুশীতে জল নযি়ে নবৈদ্যিরে থালার উপর দতিে হবে । তারপর ১০ বার জপ কর )--->
'' ইদম পুনরাচমনীয়ং ওঁ নমঃ শবিায. নমঃ । (তাম্র পাত্রে জল দাও)

<----- প্রণাম ----->

ওঁ নমঃ শবিায. শান্তায. কারণত্রয. হতেবে।
নবিদেয.ামি চাত্মানং ত্বং গতঃি পরমশ্বের॥
অবঘ্নিনে ব্রতং দবে ত্বৎ প্রসাদাত সমর্পতিং।
ক্ষমস্ব জগতাং নাথ ত্রলৈক্যাধপিতে হর॥
যন্ময.াদ্য কৃতং পূণ্যাং তদ্রুদ্রস্য নবিদেতিং।

ত্বৎপ্রসাদ্যন্ময়া দবে ব্রতমদ্য সমাপতিং॥
প্রসন্নো ভব মে শ্ৰীমন্ মদ্ভক্তিঃ প্রতপিাদ্যতাং ।
তদালোকনে মাত্রণে পবতি্রোহষ্মি নিঃ সংশয়ঃ।।
_______ ______

------ [[[ চতুর্থ প্রহর ]]] ------

<----- শবি পূজা ----->

১. এতদ পাদ্যং ওঁ নমঃ সদ্য জাতায় নমঃ ।। (তাম্র পাত্রে জল দাও)
২. ওঁ ময়া কৃতান্যনকোনি পাপানি হর শঙ্করঃ ।
শবিরাত্রৌ দদাম্যর্ঘ্যং উমাকান্ত গৃহাণ মে।। (তাম্র পাত্রে অর্ঘ দবি)
৩. ইদম্ আচমনীয়ং জলং ওঁ নমঃ সদ্য জাতায় নমঃ ।। (তাম্র পাত্রে জল দাও)
৪. এস মধুপর্ক ওঁ নমঃ সদ্য জাতায় নমঃ ।। (তাম্র পাত্রে মধুপর্ক দাও)

৫. মধু দ্বারা স্নান করাইতে করাইতে বল ---->
মন্ত্র :--- ইদং স্নানীয়ং মধু ওঁ নমঃ সদ্য জাতায় নমঃ।।

□ এস গন্ধ ওঁ নমঃ সদ্য জাতায় নমঃ। (তাম্র পাত্রে জলরে ছটিা দাও)
□ এতদ পুষ্পং ওঁ নমঃ সদ্য জাতায় নমঃ। (তাম্র পাত্রে পুষ্প দাও)
□ এস ধূপ ওঁ নমঃ সদ্য জাতায় নমঃ। (ধূপ আরতরি মতো দখোও)
□ এস দীপ ওঁ নমঃ সদ্য জাতায় নমঃ। (দীপ আরতরি মতো দখোও)
□ এস বস্ত্র ওঁ নমঃ সদ্য জাতায় নমঃ। (বস্ত্র আরতরি মতো দখো)
□ এস জলশঙ্খ ওঁ নমঃ সদ্য জাতায় নমঃ। (জলশঙ্খ আরতরি মতো দখোও)
□ এস চামর ওঁ নমঃ সদ্য জাতায় নমঃ। (চামর আরতরি মতো দখোও)

<----- পুষ্পাঞ্জলি ----->

এস সচন্দন বলি্বপত্র পুষ্পাঞ্জলি ওঁ নমঃ সদ্য জাতায় নমঃ।
(৩ বার)

<----- ভোগ নবিদেন ----->

ওঁ বং এতস্মৈ সোপকরণান্নায় নমঃ (ভোগ থালার উপর জলরে ছটিা দাও)

এতে গন্ধ পুষ্পে ওঁ এতস্মৈ সোপকরণান্নায় নমঃ (ভোগ থালার উপর পুষ্প দাও)

ওঁ অমৃতোপস্তরণমসি স্বাহা (তাম্র পাত্রে জল দাও)

ইদম্ আচমনীয়ং জলং ওঁ নমঃ শবিায় নমঃ (তাম্র পাত্রে জল দাও)

ইদম্ পানার্থ জলং ওঁ নমঃ শবিায় নমঃ (গ্লাসে জল দাও)

এতে গন্ধ পুষ্পে এষ সোপকরণ ফলং মষ্টিি নবৈদে্য ওঁ সরস্বত্যৈঃ নমঃ (ফল মষ্টিতিে পুষ্প দাও)

এস সোপকরণ ফলং মষ্টিি নবৈদি্যং পঞ্চ প্রাণে স্বাহা

Published on: Feb, 12 2023 09:54

ওঁ নমঃ শবিায. নমঃ ।

( বাম হাতটকিে গ্লাসরে মতো করে অন্য হাতে কুশীতে জল নযি়ে নবৈদ্যিরে থালার উপর দতিে হবে । তারপর ১০ বার জপ কর )--->
'' ইদম  পুনরাচমনীয়ং   ওঁ নমঃ শবিায. নমঃ ।  (তাম্র পাত্রে জল দাও)

<----- প্রণাম ----->

ওঁ নমঃ শবিায. শান্তায. কারণত্ৰয. হতেবে।
নবিদেয়ামি চাত্মানং ত্বং গতঃি পরমশে্বর॥
অবঘি্ননে ব্রতং দবে ত্বৎ প্রসাদাত সমর্পতিং।
ক্ষমস্ব জগতাং নাথ ত্রলৈক্যাধপিতে হর॥
যন্ময়াদ্য কৃতং পূণ্যাং তদ্রুদ্রস্য নবিদেতিং।
ত্বৎপ্রসাদ্যন্ময়া দবে ব্রতমদ্য সমাপতিং॥
প্রসন্নো ভব মে শ্ৰীমন্ মদ্ভক্তঃি প্রতপিাদ্যতাং ।
তদালোকনে মাত্রণে পবত্রিোহষ্মি নঃ সংশয়ঃ।।

-------          -------

<----- শবিরে ধ্যান ----->

ওঁ ধ্যায়ন্নেত্যিং  মহশেং  রজত  গরিনিভি্যং
চারু  চন্দ্রাবতং  সম
রত্নাকল্পোজ্জ্বলাঙ্গং
পরশু মৃগবরা  ভীতহিস্তং প্রসন্নম্
পদ্মাসীনং  সমন্তাং স্তুতমমরগণৈ
র্ব্যাঘ্রকৃত্তং  বসানম  ।
বশি্বদ্যং   বশি্ববীজং
নখিলি  ভয. হরং
পঞ্চবক্তং  ত্রনিত্রেম্  ।।
ওঁ  নমঃ  শবিায.  নমঃ

-------       --------

<----- শবি প্রণাম মন্ত্র ----->

ওঁ নমস্তুভ্যং বরিূপাক্ষ ।
নমস্তে দবি্য চাক্ষুষে ।
নমঃ পনিাক হস্তায. বজ্র হস্তায. বৈ নমঃ।
নমঃ ত্রশিূল হস্তায. দন্ড পাশাসি পানয়ে।
নমস্তলৈোক্য নাথায. ভূতানাং পতয়ে নমঃ।
নমো শবিায. শান্তায.
কারন ত্রয. হতেবে।
নবিদেয়ামি চাত্মানং
ত্বং গতি পরমশে্বর।।
নমস্যে ত্বাং মহাদবে
লোকানাং গুরুমীশ্বরম
পুংসাম পূর্ণকামানাং
কাম পুরামরাঙ্খপিম

ওঁ নমঃ শবিায. শান্তায.
সর্ব্বপাপ হরায. চ ।
নমঃ শবিায. নমঃ।
ওঁ শরনাগত দীনার্ত পবতি্রানায. পরায.নে
সর্ব্বস্মার্তে হরে দবেী নারায.ণী নমস্তুত।ে
হরে দবেী নমঃ শবিায. নমঃ

ওঁ নমঃ শবিায. নমঃ
ওঁ নমঃ শবিায. নমঃ
ওঁ নমঃ শবিায. নমঃ

------- --------

-----[ শবিাষ্টক স্তোত্রম ]-----

প্রভু মীশ মণীশ মহশে গুণং
গুণ হীন মহীশ গরলাভরণম্।
রণ নরি্জতি দুর্জয. দত্যৈপুরং
প্রণমামি শবিং শবিকল্পতরুম।।

গরিরিাজ সুতান্বতি বামতনুং
তনু ননি্দতি রাজতি কোটবিধিুম্
বধিি বষি্ণু শরিোধৃত পাদযুগং
প্রণমামি শবিং শবিকল্পতরুম্।।

শশলাঞ্ছতি রঞ্জতি সম্মুকুটং
কটি লম্বতি সুন্দর কৃত্তপিটং।
সুরশবৈালনিী কৃত পূত জটং
প্রণমামি শবিং শবি কল্পতরুম।।

নয.নত্রয. ভূষতি চারুমুখং
মুখপদ্ম বনিনি্দতি কোটি বধিুম্।
বধিুখন্ড বখিন্ডতি ভল তটং
প্রণমামি শবিং শবি কল্পতরুম।।

বৃষ রাজ নকিতেন মাদি গুরুং
গরলাসন মাজি বষিান ধরম।
প্রমথাধপি সবেক রঞ্জন কং
প্রণমামি শবিং শবি কল্পতরুম।।

মকরধ্বজ মও মাতঙ্গ হরং
করচিম্মগ নাগ ববিোধকরম্।
বরমার্গণ শূল বষিান ধরং
প্রণমামি শবিং শবি কল্পতরুম।।

জগদুদ্ভব পালন নাশকরং
ত্রদিবিশে শরিোমণি ঘৃষ্টপদম্।
প্ৰযি.মানব সাধু জনকৈ গতিং
প্রণমামি শবিং শবি কল্পতরুম।।

অনাথং সুদীনং বভিো বশি্বনাথ
পুনর্জন্ম দুঃখাত পরতি্রাহি শম্ভো।
ভজতোহখলি দুঃখ সমূহহরং
প্রণমামি শবিং শবি কল্পতরুম।।

ইতি শবিাষ্টকং স্তোত্রম সম্পূর্ণম্ ।।

------- --------

-----[ শবিরাত্রি ব্রতকথা ]-----

কলৈাস ভূধরে দবে বৃষভাবন।
গৌরীসহ বসযি়া করনে আলাপন।।
ফল পুষ্পে সুশোভতি পর্বত কলৈাস।
যক্ষ রক্ষঃ গন্ধর্বগণরে নতি্য বাস।।
রবরি করিণ পড়ি শখিরে তাহার।
মলনি করযি়া দযে় বরন সোনার।।
আনন্দে পার্ব্বতি সতী জজি্ঞাসনে শবিে।
কহ দবে! কোন ধর্ম শ্রষে্ঠ হয় ভবে।।
কবাি ব্রত অনুষ্ঠানে কোন্ তপস্যায়।
ধর্ম অর্থ কাম মোক্ষ চতুর্বর্গ হয়।।
এরূপ কি পূণ্য কর্ম আছে সুবদিতি।
জাহা দ্বারা লাভ হয় সকল বাঞ্ছতি।।
মর্ত্তবাসী তোমাকে তুষতিে ধরা তলে।
অনায়াসে পারে বল কি কর্ম্ম করলিে।।
শুনযি়া পার্ব্বতি বাক্য কহনে শঙ্কর।
শুন দবেী! কোন কর্ম্ম মম প্রীতকির।।
ফাল্গুন মাসরে কৃষ্ণপক্ষরে চতুর্দ্দশী।
শবিরাত্রি নামে খ্যাত অন্ধকার নশিি।।
প্রাণী হংিসা পরায়ণ ব্যাধ একজন।
ভীষণ, আকৃতি তার ক্রুর আচরণ।।
কৃষ্ণবর্ণ দহে তার পঙি্গল নয়ন।
জাল বাগুরা হস্তে করয়ে ভ্রমণ।।
বনে বনে ভ্রমী করে প্রাণী বধ কত।
নগরে নগরে মাংস বচেে অবরিত।।
একদনি মাংস ভার করযি়া বহন।
গৃহ ফরিতিছে ব্যাধ আনন্দতি মন।।
বহুদূর বন পথ ব্যাধ পরশি্রান্ত।
বৃক্ষ মূলে শয়ন করলি হয়ে ক্লান্ত।।
ক্রমে ক্রমে সূর্যদবে অস্তা চলে যান।
হনে কালে নদি্রতি ব্যাধরে হল জ্ঞান।।
চতুর্দকি অন্ধকার দখেযি়া তখন।
চনি্ততি হইয়া ব্যাধ করলি মনন।।
আজ গৃহে যাইব না এই রাত্রি কাল।
বৃক্ষতে করবি বাস হউক সকাল।।
লতা দৃঢ় রজ্জু নর্মিাণ করযি়া।
মাংস ভার বৃক্ষে বাঁধি দলি তাহা দযি়া।।
হংিস্র জন্তু ভয়ে ব্যাধ বৃক্ষরে উপর।
উঠযি়া বসলি করি সাহসে নর্ভির।।
ক্ষুধার্ত হইয়াছলি ব্যাধ অতশিয়।

অন্ধকার রাত্রি তাহে হিংস্র জন্তু ভয়।।
শীতেতে কাঁপিতে ছিল শরীর তাহার।
সর্বাঙ্গে পড়িতে ছিল নিশার তুষার।।
দৈবক্রমে শিবলিঙ্গ সেই বৃক্ষ মূলে।
স্থাপন করিয়াছিল কেহ কোন কালে।।
সেই দিন শিবরাত্রি দৈবেরে ঘটনা।
উপবাসী ব্যাধ তার অন্নেরে ভাবনা।।
তাহার শরীর হতে হিম বিন্দু যত।
বৃক্ষ মূলে শিবলিঙ্গে পড়ে অবিরত।।
সেই বৃক্ষ বিল্ববৃক্ষ নামে সুবিখ্যাত।
যাহার পত্রেতে শম্ভু হন সদা প্রীত।।
ব্যাধ অঙ্গ সঞ্চালনে পক্ক বিল্ব দল।
শিবেরে মস্তকে পড়িতে ছিল অবিরল।।
ব্যাধেরে সে আচরণে দেবে আশুতোষ।
মনে মনে অনুভব করেন সন্তোষ।।
এইভাবে সমস্ত রজনী কেটে গেল।
ক্রমে ক্রমে উষার আলোক দেখা দিল।।
বৃক্ষ হতে নামি ব্যাধ নিজ গৃহে গেল।
রাত্রির ঘটনা সব প্রকাশ করিল।।
মৃগমাংস বিতরিল পাড়ার ব্রাহ্মণে।
অবশেষে ভোজন করিল হৃষ্ট মনে।।
এই ভাবে তাহার পারন সিদ্ধ হল।
শিবরাত্রি ব্রত ফল সম্পূর্ণ পাইল।।
আয়ু শেষে হল তার বহুকাল পরে।
যমের কিঙ্কর এল লইবার তরে।।
যমদূত রজ্জু দ্বারা বাঁধিতে উদ্যত।
হেন কালে পৌঁছে দূত শিবের নিযুক্ত।।
শিবদূত বলে যমদূত যাও দূরে।
ব্যাধকে লইয়া আমি যাব শিবপুরে।।
যমদূত বলে এই ব্যাধ পাপী অতি।
না যায় গণনা এর কুকর্ম সংহতি।।
যমপুরে ইহাকে লইয়া যাব আমি।
যমের আদেশে বৃথা কেন এলে তুমি।।
এই রূপে উভয়ের বিবাদ হইল।
শিবদূত যমদূতে প্রহার করিল।।
পরাজিত হয়ে যমদূত যায় ঘরে।
এই বার্তা প্রকাশিল যমের গোচরে।।
উপস্থিত হয়ে যম শিবদূতে কন।
বিবাদের হেতু কিবা করহ বর্নন।।
শিবদূত বলে এই ব্যাধ পাপাচারী।
শিবরাত্রি প্রভাবে যাইবে শিবপুরী।।
আজীবন কেহ যদি পাপ কর্ম করে।
শিবরাত্রি ব্রত করি অবশেষে তরে।।
মহাদেবে তুষ্ট এই ব্যাধের উপর।
নাহি ভয় করি আমি শিবের কিঙ্কর।।
যমরাজ প্রণাম করিয়া শিবদূতে।
গমন করেন নিজ বাসে হৃষ্টচিতে।।
ব্রত উপবাস করি সেদিন যে জন।
ভক্তিভাবে করিবে আমার আরাধন।।
সদাতুষ্ট হই আমি তাহাদের প্রতি।

ব্রতরে বধিান দবেী! শুনহ সম্প্রতি।
পূর্বদনিে ব্রহ্মচর্য্য করযি়া পালন।
নরিামষি হবষি্যান্ন করবিে ভোজন।।
রাত্রতিে তৃণরে শর্য্যা নর্মিাণ করবিে।
তাহাতে শয়ন কর িআমাকে স্মরবিে।।
প্রাতঃকালে সত্ত্বর করযি়া গাত্রোত্থান।
নদী কম্বিা সরোবর জলে কর িস্নান।।
বল্বিবৃক্ষে মূলে গযি়া প্রণাম করবিে।
অবশ্যক পত্র সংগ্রহ করবিে।।
একমাত্র বল্বিদলে তুষ্ট আম িহই।
মন িমুক্তা স্বর্ণ রত্ন প্রবাল না চাই।।
রাত্রতিে হইয়া শুচ িযে পূজে আমারে।
সদা অভমিত ফল দবি আম িতারে।।
পার্থবি শংঙ্কর মূর্ত িকরযি়া নর্মিাণ।
প্রথম প্রহরে দুগ্ধে করাইবে স্নান।।
দ্বতিীয় প্রহরে দধ িতৃতীয়তে ঘৃত।
চতুর্থ প্রহরে মধু স্নানতেে বহিতি।।
পূজা শষেে যথা বধি িনৃত্য গীত কর।ি
তুষবিে আমারে নর শুনহ শংঙ্করী।।
পরদনি প্রাতঃকালে হয়ে শুচ িব্রত।
করাইবে ব্রাহ্মণ ভোজন নযি়মতি।।
এই শবিরাত্র িব্রত যে জন করবিে।
অনায়াসে সইে জন আমাকে তুষবিে।।
কঠোর তপস্যা আর দান যজ্ঞ যত।
কোন কর্ম নহে তুল্য শবিরাত্র িমত।।
এই ব্রত আচরণে লভযি়া বাঞ্ছতি।
অধীশ্বর হয় সর্ব্ব ধনরে নশ্চিতি।।
ব্রতরে মাহাত্ম্য এবে হরহ শ্রবন।
পুণ্য লাভ হয় শুনে সইে ববিরণ।।
পৃথবীতে বারানসী সর্ব্ব তীর্থ সার।
যখোনে গমনে খন্ডে কলুষ অপার।।
ব্যাধকে দখেযি়া মহাদবে তুষ্ট অত।ি
নর্দিষ্টি হইল তার কলৈাস বসত।ি।
শুনযি়া পার্ব্বত িদবেী ব্রত ববিরণ।
আত্মীয়বর্গরে কাছে করনে বর্ণন।।
তাহাদরে মুখে ব্রত হইল বর্ণতি।
এই রূপে শবিরাত্র িহল প্রচারতি।।
যইে জন ভক্তভিরে শবিরাত্র িকরে।
সংসার সাগর হতে অনায়াসে তরে।।
আরাধ্য দবেতা নাহ িমহাদবে মত।
অশ্বমধে সম নহে আর যজ্ঞ যত।।
গঙ্গার সমান তীর্থ নাহ িপৃথবীতে।
শবিরাত্র িসম ব্রত না আছে জগতে।।
শবিরাত্র িব্রত কথা শুনে যইে জন।
অথবা যে জন করে শ্রদ্ধায় পঠন।।
মহাদবে সদা তুষ্ট হন তার প্রত।ি
শবিপদে কর িআম িঅসংখ্য প্রণত।ি।
শবিরাত্র িব্রত কথা সমাপ্ত হইল।
ভক্তভিরে সবে এবে শবি শবি বল।।

Published on: Feb, 12 2023 09:54

-------         --------

<----- [[ শবিরে অষ্টোত্তর শতনাম ]] ----->

কলৈাস শখিরে বস িদবে ত্রলিোচন ।
গৌরী সহ করে নানা কথোপকথন ।।
মৃদুমন্দ বাতাস বহে সথো ধীর িধীর ি।
ফুলরে সৌগন্ধ কবিা আহা মর িমর ি।।
সুন্দর জোছনারাশ িমধুর যামনিী ।
চন্দ্ররে করিণ ছটা বকিাশে অবণী ॥
মহানন্দে হমৈবতী কহে পঞ্চাননে ।
কহ প্রভু কৃপা করে দাসীরে এক্ষণে ॥
বড় সাধ হয় মনে দবে প্রাণপত ি।
তোমার নামরে সংখ্যা শুন িবশি্বপত ি।।
আশুতোষ পরতিোষ হয়ে মোর প্রত ি।
সে সাধ পুরাও মম ওহে পশুপত ি।।
শুনযি়া দবেীর বাণী কহে মহশে্বর ।
ক িইচ্ছা হয়ছে বল আমার গোচর ।।
শুনযি়া হররে কথা কহনে পার্ব্বতী ।
শুনবিারে সাধমম হয়ছে বভিুত ি।।
তোমার নামরে সংখ্যা কহ ত্রলিোচন ।
তব মুখামৃত বাণী শুন িঅনুক্ষণ ।।
এতকে শুনযি়া কহে ভোলা মহশে্বর ।
শুন দবেী মোর নাম কহ িঅতঃপর ।।
সইেসব নাম আম িকরবি কীর্ত্তন ।
শ্রবন পাঠতে মুক্ত হবে জীবগন ।।
নাহ িসংখ্যা মম নাম না যায় বর্ণন ।
সংক্ষপেতে বল িযাহা করহ শ্রবণ ।।
যইে নাম ধ্যানে জীব পায় দবি্য গত ি।
সইেসব নাম তবে কহ িশুন সতী ।।
মম মুর্ত্ত িধরা তলে কহে না দখেবি ে।
পাষাণে নরি্মতি লঙি্গ দর্শন পাবে ।।
ভনি্ন ভনি্ন স্থানে মোর ভনি্ন ভনি্ন নামে ।
সকলরে বরণীয় হয় ধরাধামে ।।

অনাদরি আদ িনাম রাখলি বধিাতা । ১
মহাবষি্ণু নাম রাখে দবেরে দবেতা ।। ২
জগদগুরু নাম রাখলি মুরার ি। ৩
দবেগণ মোর নাম রাখে ত্রপিুরার ি।। ৪
মহাদবে বল িনাম রাখে শচীদবেী। ৫
গঙ্গাধর বল িনাম রাখলি জাহ্নবী ॥ ৬
ভাগীরথী নাম রাখ িদবে শূলপান ি। ৭
ভোলানাথ বল িনাম রাখলি শবিানী ।। ৮
জলশে্বর নাম মোর রাখলি বরুণ । ৯
রাজ রাজশে্বর নাম রাখে রুদ্রগণ ।। ১০
নন্দী রাখলি নাম দবেকৃপাসনি্ধু । ১১
ভৃঙ্গী মোর নাম রাখে দবে দীনবন্ধু ।। ১২
তনিট িনয়ন বল িনাম ত্রলিোচন । ১৩
পঞ্চমুখ বল িমোর নাম পঞ্চানন ॥১৪
রজত বরণ বল িনাম গরিবির । ১৫

নীলকণ্ঠ নাম মোর রাখে পরাশর ।। ১৬
যক্ষরাজ নাম রাখে জগতের পতি ।১৭
বৃষভবাহন বলি নাম রাখে পশুপতি ।।১৮
সূর্য্য দেবে নাম রাখে দেবে বিশ্বেশ্বর।১৯
চন্দ্রলোকে রাখে নাম শশাঙ্কশেখর ।।২০
মঙ্গল রাখিল নাম সর্বসিদ্ধিদাতা । ২১
বুধগণ নাম রাখে সর্বজীবত্রাতা ॥ ২২
বৃহষ্পতি নাম রাখে পতিতপাবণ । ২৩
শুক্রাচার্য্য নাম রাখে ভক্ত প্রাণধন ।।২৪
শনৈশ্বর নাম রাখে দয়ার আধার।২৫
রাহুকেতু নাম রাখে সর্ব্ববিঘ্ন হর ।।২৬
মৃত্যুঞ্জয় নাম মম মৃত্যু জয় করি ।২৭
ব্রহ্মলোকে নাম মোর রাখে জটাধারী ॥২৮
কাশীতীর্থ ধামে নাম মোর বিশ্বনাথ । ২৯
বদরিকাননে নাম হয় কেদারনাথ ।।৩০
শমন রাখিল নাম সত্য সনাতন । ৩১
ইন্দ্রদেবে নাম রাখে বিপদতারণ ।।৩২
পবন রাখিল নাম মহা তেজোময় ।৩৩
ভৃগু মুনি নাম রাখে বাসনা বিজয় ।।৩৪
ঈশান আমার নাম রাখে জ্যোতিগণ । ৩৫
ভক্তগণ নাম রাখে বিঘ্ন বিনাশন ।।৩৬
মহেশ বলিয়া নাম রাখে দশানন ।৩৭
বিরূপাক্ষ বলি নাম রাখে বিভীষণ ।।৩৮
শম্ভুনাথ বলি নাম রাখেন ব্যাসদেবে ।৩৯
বাঞ্ছাপূর্ণকারী নাম রাখে শুকদেবে ।।৪০
জয়াবতী নাম রাখে দেবে বিশ্বপতি।৪১
বিজয়া রাখিল নাম অনাথের গতি।।৪২
তালবেতাল নাম রাখে সর্ব্ব বিঘ্নহর । ৪৩
মার্কন্ড রাখিল নাম মহা যোগেশ্বর ।। ৪৪
শ্রীকৃষ্ণ রাখিল নাম ভুবন ঈশ্বর ।৪৫
ধ্রুবলোকে নাম রাখে ব্রহ্ম পরাৎপর ।।৪৬
প্রহ্লাদ রাখিল নাম নিখিল তারণ । ৪৭
চিতাভষ্ম মাখি গায় বিভুতিভূষণ ।।৪৮
সদাশিব নাম রাখে যমুনা পুণ্যবতী । ৪৯
আশুতোষ নাম রাখে দেবে সেনাপতি ।।৫০
বাণেশ্বর নাম রাখে সনৎকুমার ।৫১
রাঢ়দেশবাসী নাম রাখে তারকেশ্বর ।।৫২
ব্যাধিবিনাশন হেতু নাম বৈদ্যনাথ । ৫৩
দীনের শরণ নাম রাখিল নারদ ।।৫৪
বীরভদ্র নাম মোর রাখে হলধর ।৫৫
গন্ধর্বেরা নাম রাখে গন্ধর্ব ঈশ্বর ।।৫৬
অঙ্গিরা রাখিল নাম পাপতাপহারী ।৫৭
দর্পচূর্ণকারী নাম রাখিল কাবেরী ।।৫৮
ব্যাঘ্রচর্ম্ম পরিধান নাম বাঘাম্বর ।৫৯
বিষ্ণুলোকে রাখে নাম দেবে দিগম্বর ।।৬০
কৃত্তিবাস নাম রাখে কত্যায়নী ।৬১
ভূতনাথ নাম রাখে ঋষ্যশৃঙ্গ মুণি ।।৬২
সদানন্দ নাম রাখে দেবে জনার্দ্দন ।৬৩
আনন্দময় নাম রাখে শ্রীমধুসূদন ।।৬৪
রতিপতি নাম রাখে মদন দহন ।৬৫

দক্ষরাজ নাম রাখে যজ্ঞ বিনাশন ।।৬৬
জগদগ্নি নাম মোরে রাখিল গঙ্গেশ ।৬৭
বশিষ্ঠ আমার নাম রাখে গুড়াকেশ ।।৬৮
পৌলস্ত্য রাখিল নাম ভবভয়হারী।৬৯
গৌতম রাখিল নাম জন মনোহারী ।।৭০
ভৈরবেতে নাম রাখে শ্মশান ঈশ্বর।৭১
বটুক ভৈরব নাম রাখে ঘন্টেশ্বর ।।৭২
মর্ত্যলোকে নাম রাখে সর্ব্বপাপহর।৭৩
জরৎকারু মোরে নাম রাখে যোগেশ্বর ।।৭৪
কুরুক্ষেত্র রণস্থলে পামবরদ্বারী ।৭৫
ঋষীগণ নাম রাখে মুণি মনোহারী ।।৭৬
ফণিভূষণ নাম মোরে রাখিল বাসুকী ।৭৭
ত্রিপুরে বধিয়া নাম হইল ধানুকী ।।৭৮
উদ্দালক নাম রাখে বিশ্বরূপ মোরে ।৭৯
অগস্ত্য আমার নাম রাখিল শংঙ্কর ।।৮০
দক্ষিণ দেশেতে নাম হয় বালেশ্বর । ৮১
সেতু বন্ধে হয় নাম মোরে রামেশ্বর ।।৮২
হস্তিনা নগরে নাম দেবে যোগেশ্বর ।৮৩
ভরত রাখিল নাম উমা মহেশ্বর ।।৮৪
জলধর নাম রাখে করুণা সাগর ।৮৫
মম ভক্তগণ বলে সংসারের সার ।।৮৬
ভদ্রেশ্বর নাম মোরে রাখে বামদেব ।৮৭
চাঁদ সদাগর নাম রাখে হয়গ্রীব ।।৮৮
জৈমিনি রাখিল নাম মোরে ত্র্যম্বকেশ ।৮৯
ধন্বন্তরি মোরে নাম রাখিল উমেশ ।।৯০
দিকপাল গণে নাম রাখিল গিরীশ ।৯১
দশদিক পতি নাম রাখে ব্যোমকেশ ।।৯২
দীননাথ নাম মোরে কশ্যপ রাখিল ।৯৩
বৈকুণ্ঠের পতি নাম নকুল রাখিল ।।৯৪
কালীঘাটে সিদ্ধপাটে নকুল ঈশ্বর ।৯৫
পুরীতীর্থ ধামে নাম ভুবন ঈশ্বর ।।৯৬
গোকুলেতে নাম মোরে হয় শৈলেশ্বর ।৯৭
মহাযোগী নাম মোরে রাখে বিশ্বম্ভর ।।৯৮
কৃপানিধি নাম রাখে রাধাবিনোদিনী ।৯৯
ওঁ কার আমার নাম রাখে সান্দীপনি ।।১০০
ভক্তেরে জীবন নাম রাখেন শ্রীরাম ।১০১
শ্বেতে ভুধর নাম রাখেন ঘনশ্যাম ।।১০২
বাঞ্ছাকল্পতরু নাম রাখে বসুগণ ।১০৩
মহালক্ষী রাখে নাম অশিব নাশন ।।১০৪
অল্পেতে সন্তোষ বলি নাম যে সন্তোষ । ১০৫
গঙ্গাজল বিল্বদলে হই পরিতোষ ।।১০৬
ভাঙ্গড়ভোলা নাম বলি ডাকে ভক্তগণ । ১০৭
বুড়াশিব বলি খ্যাত এই তিন ভুবন ।।১০৮

হর হর ব্যোম বলি যে ডাকে আমারে।
পরিতুষ্ট হয় সদা তাহার উপরে।।
অসংখ্য আমার নাম না হয় বর্ণন।
অষ্টোত্তর শতনাম করিনু কীর্ত্তন।।
মনেতে যে ভক্তি করি করয়ে পঠন।
রোগ শোক নাহি হয় তাহার ভবন।।

নরি্ব্যাধি হইয়া সে দীর্ঘজীবী হয়।
শবি বরে সেই জন মুক্তি পদ পায়।।
নামরে মাহাত্ম্য আমি করনিু বর্ণন।
মম নাম মম ধ্যান করো সর্বজন।।
ইহকালে সুখে রবে মরত ভুবনে।
অন্তঃকালে হবে গতি কৈলাস ভবনে।।

[ শবিরে অষ্টোত্তর শতনাম সমাপ্ত ]

-------   ---------

<----- মধুসুক্ত ----->

ওঁ মধু বাতা ঋতায়তে মধু ক্ষরন্তি সন্ধিবঃ।
মাধ্বীর্নঃ সন্তোষধীঃ।
ওঁ মধুনক্ত সুতোষসো। মধু মৎ পার্থবিং রজঃ
মধু দৌ রস্তু নঃ পতিা।
ওঁ মধু মান্নো বনস্পতি স্মধুমান অন্তু সূর্যঃ। মাধ্বীগাব ভবন্তু নঃ

ওঁ মধু ওঁ মধু ওঁ মধু ।।

<----- শান্তি মন্ত্র পাঠ ----->

একটি পাত্রে সামান্য জল নয়িে তাহাতে চন্দন পুষ্প বলেপাতা দয়িে জলরে ছটিা দতিে দতিে পাঠ কর।

ওঁ স্বস্তি নঃ ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ।
স্বস্তি নঃ পূষা বশ্বিবদোঃ।
স্বস্তি নঃ স্তার্ক্ষ্যো অরষ্টিনমেী।
স্বস্তি নঃ বৃহস্পতি দধাতু।।

দৌঃ শান্তিঃ হি অন্তরীক্ষ শান্তি হিঃ
পৃথিবী শান্তি হি অপ শান্তি হি
ঔষধয় শান্তি হি বনস্পতয় শান্তি হিঃ
বশ্বিদবো শান্তি হিঃ শান্তরিবে শান্তি হিঃ
ওঁ শান্তি রস্তু শবিাঞ্চাস্তু বনিশ্যত্য শুভঞ্চ যৎ যতঃ।
এবা গতং পাপং তত্রবৈ প্রতি গচ্ছতু।

ওঁ শান্তি ওঁ শান্তি ওঁ শান্তি

<----- বসির্জন ----->

নমঃ মহাদবে ক্ষমস্ব বলয়িা কঞ্চিৎি জল দয়িা
উত্তর শয়িরে শোয়াইয়া দবিনে, সংহার মুদ্রায়
একটি পুষ্প নয়িে আঘ্রাণ করতিে করতিে ঐ দবেতা
নজিরে হৃদয়ে প্রবশে করলিনে ভাবয়িা পুষ্পটি
ফলেয়িা দয়িা হাত ধুইয়া ঈশান কোণে
ত্রকিোণ মন্ডল করয়িা নর্মি্মাল্য লইয়া নমঃ

চন্ডশে্বরায. নমঃ মন্ত্রে মন্ডলরে মধ্যে দবিনে।।

<----- দক্ষণিাবাক্য ----->

এতস্মৈ কাঞ্চন মূল্যায. নমঃ (৩ বার)
এতৎ অধপিতয়ে শ্রী বষ্ণিবে নমঃ।
এতৎ সম্প্রদানায. ব্রাহ্মণায. নমঃ। (হাত জোড. করে বলবি)

<----- সাঙ্গতার্থ সংকল্প ----->

কোষাকুশীতে হরতকি ফুল চন্দন দুর্গা ধান যব আতপ চাল নযি়ে উত্তর অথবা পূর্ব দকি কোণে ধারণ করে বলতে হবে-

ওঁ বষ্ণিুরো তৎ সৎ ফাল্গুন মাস কুম্ভ রাশস্থি ভাস্করে কৃষ্ণ পক্ষে চতুর্দ্দশ্যাং তথিৌ __ গোত্র __ নাম কৃতৈ তৎ শ্রী শবি দবেতয়া প্রীতকিাম শবি পূজা তদ ব্রতকথা পাঠ জাগরনোপেবাস কর্ম্মন্ সাঙ্গতার্থং যদ্ বগৈুন্যং জাতং তোদ্দোষ প্রশমনায. বষ্ণিু স্মরণ মনন করষ্যি।

ওঁ তদবষ্ণিু পরমং পদম্ সদা পশ্যন্ত সুরয়ঃ দবিীব চক্ষুরাততম।
ওঁ বষ্ণিুঃ ওঁ বষ্ণিুঃ ওঁ বষ্ণিুঃ।।
 ওঁ অজ্ঞানাদ যদ বিা মোহাৎ প্রচ্যবতোধ্বরষেু যৎ স্মরনা
দবে তদ বষ্ণিু সম্পূর্ণং স্যাদতি শ্রুত।
 ওঁ যদ সাঙ্গং কৃতং কর্ম জানতা বাপ্য জানতা সাঙ্গং ভবতু তৎ সৰ্ব্বং হরে নামানু কীৰ্তনাৎ।

------ --------

ডান হাতরে তালুতে জল নযি়ে ---

ওঁ শ্রী হর ওঁ শ্রী হর ওঁ শ্রী হর
ওঁ প্রযি়তাং পুন্ডরীকাক্ষং সর্ব্বযজ্ঞশে্বরো হর
তস্মনি তুষ্টে জগৎ তুষ্টং
প্রীনতিে প্রীনতিং জগৎ এতৎ কর্ম শ্রী কৃষ্ণায়াপতি মস্তু।
( জল মাটতিে ফলে দাও )

<----- প্রণাম ----->

ওঁ নমঃ শবিায. শান্তায. কারণত্রয. হতেবে।
নবিদেয়ামি চাত্মানং ত্বং গত পরমশে্বর॥

( ঘণ্টা ধ্বন শঙ্খ ধ্বন উলু ধ্বন দবিে )

<----- পারন মন্ত্র ----->

এই মন্ত্র বলযি়া পারন জল পান করবিে ---->

ওঁ সংসার ক্লশে দগ্ধস্য ব্রতনোননে শঙ্কর।
প্রসীদ সুমুখো নাথ জ্ঞান দৃষ্ট প্রদোভব।।

পরদনি সকালে পারন করার পর ব্রাহ্মণ ভোজন করাইয়া
নজিে ভোজন করবি।

-------　　　--------

--- {ফর্দমালা} ---

সদি্ধি, তলি হরতিকী, পঞ্চ শস্য, আসনাঙ্গুরীয়., ঘী, মধু, ধূপ, ধুনা, তুলা, কর্পূর, প্রদীপ, পলিসুজ, দুধ, দই, চনিি, ফুল, বলেপাতা, ধুতরা, আকন্দ, নবৈদে্য (কমপক্ষে পাঁচ রকমরে ফল এবং মষি্টি), গঙ্গা জল, কুশ, আতপ চাল, চন্দন ।